গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২১/৩৬ -বিশেষ তারিখ: ০৩/০৯/২০২৩ খ্রি.

**বিষয়: ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালন প্রসঙ্গে।**

সূত্র: স্বা: অধি:/সিডিসি/ফাইলেরিয়া/ক্ষুদে ডাক্তার/২০১৬/৯০০১, তারিখ: ৩০/০৮/২০২৩ইং

উর্পযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার অধীন ফাইলেরিয়াসিস নির্মুল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রমের অধীনে গত ১৭ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম অনুষ্ঠিত হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্ষুদে ডাক্তারদল গঠণ এবং তাদের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা একটি অভিনব কার্যক্রম যাতে শিক্ষার্থীদের অনুপ্রানিত হবার, দলগতভাবে কাজ করার এমনকি সুশৃঙ্খল ভাবে জীবন গড়ার সুযোগ রয়েছে।

২। এমতাবস্থায়, আগামী ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালনের জন্য তাঁর আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

(ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রধান শিক্ষকদের ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালনের জন্য নির্দেশনা প্রদান করবেন;

(খ) সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ ক্লাস্টারের বিদ্যালয়সমূহে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রমটি সুষ্ঠুভাবে প্রতিপালনের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;

(গ) জেলা/উপজেলার সকল কর্মকর্তাকে দৈব চয়নের ভিত্তিতে বিদ্যালয়সমূহে উক্ত কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে;

(ঘ) শিক্ষকগণ যেন স্বতঃস্ফূর্তভাবে উভয় কার্যক্রমে অংশগ্রহণ করেন সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়ের সকল সহকারী শিক্ষকগণকে এ কর্মসূচীতে সম্পৃক্ত করতে হবে;

(ঙ) স্বাস্থ্য পরীক্ষায় গঠিত ক্ষুদে ডাক্তারদল তাদের জন্য নির্ধারিত শ্রেণির সকল শিক্ষার্থীর ওজন, উচ্চতা ও দৃষ্টি শক্তি পরিমাপসহ আনুষঙ্গিক অন্যান্য তথ্য সংগ্রহ করে তা স্বাস্থ্য পরীক্ষার ফরমে লিপিবদ্ধ করবে;

(চ) স্বাস্থ্য পরীক্ষা করতে গিয়ে এই ক্ষুদে ডাক্তার দল কোনো শিক্ষার্থীর অস্বাভাবিক শারীরিক বৃদ্ধিসহ দৃষ্টি শক্তিতে ত্রুটি কিংবা স্বাস্থ্য পরীক্ষার ফরমে উল্লেখিত অন্যান্য বিষয়াদির তথ্যও গাইড শিক্ষকের নজরে আনবে;

(ছ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত ছকে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম তথ্য স্থানীয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সরবরাহ করতে হবে এবং এ বিষয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সঙ্গে সমন্বয় সাধন করতে হবে।

সংযুক্তি: স্বাস্থ্য অধিদপ্তরের পত্র।

০৩.০৯.২০২৩

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
ফোন নং- ০২-৪১০৫০২৮৫

জেলা শিক্ষা অফিসার
জেলা . . . . . . . . . . . . . . . . . (সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখারী, ঢাকা।
০২. পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা, ..........................................................।
(মাধ্যমিক পর্যায়ের সকল স্কুল এন্ড কলেজ)
০৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম
রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
ফোন ঃ ০২-২২২২৬২৯৯৪

স্মারক নং- স্বাঃ অধিঃ/সিডিসি/ফাইলেরিয়া/ক্ষুদে ডাক্তার/২০১৬/ ২০০১ তারিখঃ ৬০ /০৮/২০২৩ ইং

বরাবর
মহাপরিচালক
মাউশি অধিদপ্তর
১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

(দৃঃ আঃ উপ-পরিচালক মাধ্যমিক/বিশেষ)।

**বিষয় ঃ ১৭- ২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৭ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন কিন্ডারগার্টেন, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং সমপর্যায়ের মাদ্রাসাসহ সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য পরীক্ষায় গঠিত ক্ষুদে ডাক্তার দল তাদের জন্য নির্ধারিত শ্রেণীর সকল শিক্ষার্থীর ওজন, উচ্চতা ও দৃষ্টি শক্তি পরিমাপসহ আনুষঙ্গিক অন্যান্য তথ্য সংগ্রহ করে তা স্বাস্থ্য পরীক্ষার ফরমে লিপিবদ্ধ করবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্ষুদে ডাক্তার দল গঠণ এবং তাদের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা একটি অভিনব কার্যক্রম যাতে শিক্ষার্থীদের অনুপ্রানিত হবার, দলগতভাবে কাজ করার এমনকি সুশৃঙ্খল ভাবে জীবন গড়ার সুযোগ রয়েছে। স্বাস্থ্য পরীক্ষা করতে গিয়ে এই ক্ষুদে ডাক্তার দল কোন শিক্ষার্থীর অস্বাভাবিক শারীরিক বৃদ্ধিসহ দৃষ্টি শক্তিতে ত্রুটি কিংবা স্বাস্থ্য পরীক্ষার ফরমে উল্লেখিত অন্যান্য বিষয়াদির তথ্যও গাইড শিক্ষকের নজরে আনতে পারছে এবং বিষয়গুলো প্রাথমিক পর্যায়েই সংশোধন বা প্রতিকারের ব্যাপারে সহায়ক ভূমিকা রাখছে।

উপরে উল্লেখিত সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে মদ্রাসা সহ মাধ্যমিক পর্যায়ের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষককে অবহিত করা প্রয়োজন। বিধায়, সংশ্লিষ্ট সকল জেলা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাগণকে এ ব্যাপারে লিখিত নির্দেশনা প্রদান করে কার্যক্রমটি সফল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

৩০/৮/২০২৩

অধ্যাপক ডা. মোঃ নাজমুল ইসলাম
পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও
লাইন ডাইরেক্টর, সিডিসি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ-সহকারী পরিচালক, সমন্বয়)
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, সেকশন-২, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, বেইলী রোড, ঢাকা।
৪। পরিচালক - মাধ্যমিক, মাউশি অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৫। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।
৬। উপপরিচালক, সিডিসি/এমএন্ডপিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিভিল সার্জন (সকল জেলা)।
৮। সহকারী পরিচালক ও পিএম, ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম এবং কালাজ্বর নির্মূল কর্মসূচী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। অফিস কপি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম**
**রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর**
**মহাখালী, ঢাকা-১২১২**

**ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম বাস্তবায়ন ও তদারকি নির্দেশিকা, সেপ্টেম্বর ২০২৩**

গত ১৭ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভায় আগামী ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন সপ্তাহব্যাপি ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উল্লেখ থাকে যে, মাদ্রাসাসহ প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুধুমাত্র ৫-১৬ বয়সী শিক্ষার্থী বা শিশু শ্রেণী থেকে দশম শ্রেণী বা সমপর্যায়ের শ্রেণীসমূহে স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম পরিচালিত হবে।

এতদ্‌সংক্রান্ত বিষয়ে জেলা পর্যায়ে সিভিল সার্জনগণকে জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাগণের সাথে ও সিটি কর্পোরেশন পর্যায়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। প্রয়োজনে জেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধি বা স্থানীয় সরকারের প্রতিনিধিগণের সাথে পরামর্শক্রমে বা তাঁদেরকে সম্পৃক্ত করে ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম সফল করার যাবতীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

*নিম্নে উল্লেখিত সকল কার্যবিলী প্রেরিত বাজেট বিবরণী অনুসরণ করে করতে হবেঃ*

(ক) জেলা পর্যায়ে:

১. এডভোকেসী সভার আয়োজন করা (০৩-১০ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন)ঃ

- জেলা পর্যায়ে এডভোকেসী সভার আয়োজন করা। অংশগ্রহণকারীদের তালিকা প্রেরিত বাজেট বিবরণীতে উল্লেখ করা হয়েছে। এবারে প্রত্যেক জেলা এডভোকেসী সভায় স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করা হবে বিধায় সভার তারিখ ঠিক করে তা সংশ্লিষ্ট কর্মসূচীর অফিসে ই-মেইল মারফত ৩০ আগস্ট ২০২৩ এর পূর্বেই জানাতে হবে।

- এডভোকেসী সভায় ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ কর্ম-পরিকল্পনা প্রণয়ন বা দিক নির্দেশনামূলক আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা।

২. **সুপারভিশন বা তদারকিতে অংশগ্রহন (১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন)ঃ**

জেলা পর্যায়ের সুপারভাইজার বা ৪র্থ পর্যায়ের সুপারভাইজার হিসাবে স্বাস্থ্য বিভাগ থেকে সিভিল সার্জন, ডেপুটি সিভিল সার্জন (যেখানে পদ রয়েছে) ,এমও-সিএস,সিনিয়র বা জুনিয়ার স্বা.শি.কর্মকর্তা, জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক, ইপিআই সুপারিনটেনডেন্ট, জেলা স্যানিটারী ইন্সপেক্টরগণ এবং শিক্ষা বিভাগের জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও জেলা শিক্ষা কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন যা বাজেট বিবরণীতে উল্লেখ রয়েছে।

৪র্থ পর্যায়ের সুপারভাইজার -সিএস,ডিসিএস/এমও-সিএস,সি.স্বা.শি.ক, জেলা ইপিআই সুপার, ডিএইচএস, ডিএসআই, ডিপিইও এবং ডিইও অথবা তাঁদের প্রতিনিধিঃ

১. উল্লেখিত ৯ জনের মধ্য থেকে ৯ জনই অথবা তাঁদের সমপর্যায়ের মনোনিত প্রতিনিধিগণ সুপারভিশন করবেন।
২. উল্লেখিত ৯ জনের মধ্য সমন্বয় করে ভিন্ন উপজেলা, পৌরসভা এলাকাসমূহ আলাদা দিনে সুপারভিশন করবেন যাতে জেলা পর্যায়ের সুপারভাইজারদের জন্য পুরা জেলা এবং পুরাসপ্তাহ সুপারভিশনের আওতায় চলে আসে।
৩. ১৭-২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন উপরে উল্লেখিত সুপারভাইজারদের জন্য মোট ১ দিনের ভাতা বরাদ্দ রয়েছে।
৪. ১ দিনে প্রত্যেক সুপারভাইজারকে ২টি উপজেলা এবং প্রতি উপজেলা থেকে দৈবচয়ন ভিত্তিতে কমপক্ষে ২ টি করে শিক্ষা প্রতিষ্ঠান (প্রাথমিক ও মাধ্যমিক) পরিদর্শন করতে হবে। একই উপজেলায় একাধিক সুপারভাইজার না গিয়ে প্রত্যেক সুপারভাইজারকে নিজেদের মধ্যে সমন্বয় করে জেলার প্রতিটি উপজেলা সুপারভিশনের আওতায় আনতে হবে।

৫. পরিদর্শন শেষে "৪র্থ পর্যায় তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং- ৫) যথারীতি পূরণ করবেন।
৬. সি.স্বা.শি.কর্মকর্তা/জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়কগণকে ফোকাল পারসন হিসাবে প্রতি উপজেলার রিপোর্ট (ফরম নং- ৯) ২৮ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে সংগ্রহ করতে হবে। জেলার পূর্ণাঙ্গ প্রতিবেদন (ফরম নং-১১), সিভিল সার্জন অফিসসহ ১ কপি সরাসরি প্রোগ্রাম অফিসে ৩০ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে ই-মেইল এবং কুরিয়ারে প্রেরণ করতে হবে।
৭. উপজেলা ওয়ারী খরচের ভাউচারের সাথে পূরণকৃত প্রতি স্তরের সুপারভিশন চেক লিস্ট বা তত্ত্বাবধান প্রতিবেদন অবশ্যই দাখিল করতে হবে যা ০১ অক্টোবর ২০২৩-এর মধ্যে সংশ্লিষ্ট প্রোগ্রাম অফিসে সরাসরি/কুরিয়ার মারফত প্রেরণ করতে হবে।
৮. ৬০০ টাকা বা তার বেশী পরিমানের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প লাগাতে হবে। রেভিনিউ স্ট্যাম্প ছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।

(খ) উপজেলা পর্যায়েঃ

১. **শিক্ষকদের মাসিক সভায় উপস্থিত হওয়াঃ**
প্রত্যেক ইংরেজী মাসের ১১ তারিখে উপজেলা সদরে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য মিটিংয়ের আয়োজন করা হয়ে থাকে। সেই হিসাবে ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ স্বাস্থ্য পরিদর্শক /সংশ্লিষ্ট সহকারী স্বাস্থ্য পরিদর্শক বা স্বাস্থ্য সহকারী শিক্ষকদের ক্লাস্টার বা উপজেলা সদরের মিটিংয়ে উপস্থিত থেকে ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত বিষয়ে অবহিত করবেন। মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের জন্য অনুরূপ কোন মিটিং নির্ধারিত না থাকলেও সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তার সাথে যোগাযোগ বা সমন্বয় করে শিক্ষকদেরও অবহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. **সুপারভিশন বা তদারকিতে অংশগ্রহন (১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন)ঃ**

উপজেলা পর্যায়ে তিন স্তরের সুপারভাইজার দায়িত্ব পালন করবেন। ১ম স্তরে স্বাস্থ্য সহকারী, ২য় স্তরে সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও ৩য় স্তরে উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। এ ছাড়াও স্বাস্থ্য পরিদর্শক ও পরিসংখ্যানবিদগণ সুপাভিশন কাজের রিপোর্ট সংগ্রহ, কম্পিউটারে এন্ট্রি দেয়াসহ অন্যান্য কাজে সহযোগিতা প্রদানের জন্য নির্ধারিত হারে ভাতা পাবেন যা প্রেরিত বাজেট বিবরণীতে উল্লেখ রয়েছে।

১ম পর্যায়ের সুপারভাইজার (স্বাস্থ্য সহকারী অথবা শূণ্য পদের বিপরীতে মনোনিত যে কোন পদবীধারী) -এ গ্রুপের দায়িত্ব খুবই গুরুত্ব বহন করে ঃ

১. ১৭-২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন যে কোন একদিন তবে অবশ্যই সপ্তাহের শেষের দিকের যে কোন একদিন দায়িত্বপ্রাপ্ত ১টি পুরাতন ওয়ার্ডের প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের সকল প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক সেখানে ক্ষুদে ডাক্তার টীম গঠন,ওরিয়েন্টেশন ও তাদের মাধ্যমে অন্যান্য ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করণ সাপেক্ষে "১ম পর্যায় তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং- ২ ও ৯) অনুয়ায়ী রিপোর্ট প্রস্তুত করতে হবে।
২. পরিদর্শনকালীন সময়ে কোন শিক্ষাপ্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার টীম গঠন, তাদের ওরিয়েন্টেশন ও স্বাস্থ্য পরীক্ষা না হয়ে থাকলে গাইড শিক্ষকের সহায়তায় উল্লেখিত কার্যাদি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।
৩. ২৫ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে সকল স্বাস্থ্য সহকারীগণকে তাদের পরিদর্শন প্রতিবেদন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সহকারী স্বাস্থ্য পরিদর্শক বা স্বাস্থ্য পরিদর্শকের নিকট জমা দিতে হবে।
৪. ফরম নং- ৯ অনুসরণ করে স্বাস্থ্য পরিদর্শক রিপোর্ট (ফরম নং-১০) প্রস্তুত করবেন এবং তার ১ কপি জেলা পর্যায়ে সি.স্বা.শি.কর্মকর্তা বা জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক বরাবরে এবং ১ কপি ই-মেইল মারফত সরাসরি প্রোগ্রাম অফিসে ২৭ সেপ্টেম্বর ২০২৩এর মধ্যে প্রেরণ করবেন।

২য় পর্যায় সুপারভাইজার- সহকারী স্বাস্থ্য পরিদর্শক (অথবা শূণ্য পদের বিপরীতে মনোনিত যেকোন পদবীধারী)ঃ

১. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন, তবে সপ্তাহ শুরুর দিকে না করে শেষের দিকে ২/৩ দিনের মধ্যে যে কোন ১ দিন সুপারভিশন করতে হবে ।
২. কোন ওয়ার্ডে স্বাস্থ্য সহকারীর পদ শূণ্য থাকলে অন্য পদবীধারী কোন ব্যক্তিকে দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহন করতে হবে।
৩. সুপারভিশনের সময় দৈবচয়ন ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন থেকে ৬টি প্রাথমিক ও ৪টি মাধ্যমিক হিসাবে কমপক্ষে ১০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করতে হবে।
৪. উপরের বর্ণনা অনুযায়ী পরিদর্শন শেষে "২য় পর্যায়ের তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং-৩) পূরণ করতে হবে।
৫. ২৫ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে সকল এএইচআইগণকে তাদের পরিদর্শন প্রতিবেদন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৩য় পর্যায় সুপারভাইজার - ৩ জন (ইউএইচ এন্ড এফপিও,ইউইও,ইউএসইও অথবা তাঁদের মনোনিত প্রতিনিধি)ঃ

১. উল্লেখিত ৩ জনের মধ্য থেকে ৩ জনই অথবা তাঁদের সমপর্যায়ের মনোনিত প্রতিনিধিগণ সুপারভিশন করবেন। ৩ জনের মধ্যে সমন্বয় করে ভিন্ন ভিন্ন এলাকা ও আলাদা দিনে সুপারভিশন করবেন যাতে পুরা উপজেলা ও পুরা সপ্তাহ সুপারভিশনের আওতায় চলে আসে।
২. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন সুপারভিশন করবেন এবং মোট ১দিনের ভাতা পাবেন।
৩. প্রত্যেকে সুপারভিশনের দিন দৈবচয়ন ভিত্তিতে কমপক্ষে ২টি ইউনিয়ন পরিদর্শন করবেন এবং প্রতিটি ইউনিয়ন থেকে ৩টি করে বিদ্যালয় (১টি প্রাথমিক ও ২টি মাধ্যমিক পর্যায়ের) হিসাবে দুই ইউনিয়নের মোট ৬টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।
৪. উপরের বর্ণনা অনুযায়ী পরিদর্শন শেষে "৩য় পর্যায়ের তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং-৪) পূরণ করবেন।
৫. উপরে বর্ণিত প্রত্যেক স্তরের সুপারভাইজার নিজ হাতে পারডিয়েম সীট যথারীতি পূরণ পূর্বক তৎসঙ্গে যার যার সুপারভিশন চেক লিস্ট সংযুক্ত করে ভাউচারের সাথে সংশ্লিষ্ট সিভিল সার্জন অফিসে ২৭ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে প্রেরণ করবেন।
৬. ৬০০ টাকা বা তার বেশী পরিমানের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্পলাগাতে হবে। রেভিনিউ স্ট্যাম্পছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।
৭. উপজেলা ওয়ারী খরচের ভাউচারের সাথে পূরণকৃত প্রতি স্তরের সুপারভিশন চেক লিস্ট বা তত্ত্বাবধান প্রতিবেদন অবশ্যই দাখিল করতে হবে যা ০১ অক্টোবর ২০২৩-এর মধ্যে সংশ্লিষ্ট সিভিল সার্জন অফিসে সরাসরি প্রেরণ করতে হবে ।

(গ) জেলা সদরের পৌরসভা ও অন্যান্য প্রথম শ্রেণীর পৌরসভা সমূহঃ

১ম পর্যায়ের সুপারভাইজার পৌর স্বাস্থ্য কর্মী (এ গ্রুপের দায়িত্ব খুবই গুরুত্ব বহন করে)ঃ

সংশ্লিষ্ট পৌরসভায় নিজস্ব স্বাস্থ্য কর্মী না থাকলে সংশ্লিষ্ট সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মী দ্বারা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং তাদের জন্য সরবরাহকৃত ফরমসমূহ যথারীতি পূরণ করতে হবে ।

১. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম চলবে। কিন্তু প্রত্যেক স্বাস্থ্য কর্মীকে ২টি ওয়ার্ডের বা তার কর্ম এলাকার সকল প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানপরিদর্শন করতে হবে। অথবা প্রেরিত বাজেট অনুযায়ী কর্মীর সংখ্যা পূণ:নির্ধারন করে সপ্তাহের যেকোন ১ দিনে পৌরসভার সকল ওয়ার্ডের সকল প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করে তথ্য সংগ্রহ করতে হবে।
২. কোন পৌরসভায় অতিরিক্ত স্বাস্থ্য কর্মী থাকলে বা তাদের সকলকে কাজে সম্পৃক্ত করতে চাইলে নিজস্ব ব্যবস্থাপনায় বরাদ্দকৃত নির্ধারিত বাজেট থেকেই পূণ:বন্টনের ব্যবস্থা করে নিতে হবে।

৩. পরিদর্শনকালীন সময়ে কোন শিক্ষাপ্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার টীম গঠন, তাদের ওরিয়েন্টেশন ও স্বাস্থ্য পরীক্ষা না হয়ে থাকলে গাইড শিক্ষকের সহায়তায় উল্লেখিত কার্যাদি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

৪. পরিদর্শনকালীন সময়ে ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করণ পূর্বক "১ম পর্যায় তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং -২ ও ৯) অনুয়ায়ী রিপোর্ট প্রস্তুত করতে হবে।

৫. ২৫ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে সকল পৌর স্বাস্থ্য কর্মী তাদের পরিদর্শন প্রতিবেদন (ফরম নং ২ ও ৯) ভিএস/স্যানিটারী ইন্সপেক্টর/ইপিআই সুপারভাইজার অথবা সংশ্লিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য পরিদর্শকের নিকট জমা দেবেন।

৬. ফরম নং- ৯ অনুযায়ী ভিএস/স্যানিটারী ইন্সপেক্টর/ইপিআই সুপারভাইজার অথবা সংশ্লিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য পরিদর্শক রিপোর্ট (ফরম নং- ১০) প্রস্তুত করে তার ১ কপি জেলা পর্যায়ে সি.স্বা.শি.কর্মকর্তা/স্বাস্থ্য তত্ত্বাবধায়ক বরাবরে এবং ১ কপি সরাসরি প্রোগ্রাম অফিসে ২৭ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে ই-মেইল মারফত প্রেরণ করবেন ।

৭. উপরে বর্ণিত প্রত্যেক স্তরের সুপারভাইজার নিজ হাতে পারডিয়েম সীট যথারীতি পূরণ পূর্বক তৎসঙ্গে যার যার সুপারভিশন চেক লিস্ট সংযুক্ত করে ১ অক্টোবর ২০২৩-এর মধ্যে ভাউচারের সাথে দাখিল করতে হবে।

৮. ৬০০ টাকা বা তার বেশী পরিমাণের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প লাগাতে হবে। রেভিনিউ স্ট্যাম্প ছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।

**২য় পর্যায় সুপারভাইজার- ভিএস/এস আই/ ইপিআই সুপারভাইজার/ সহকারী স্বাস্থ্য পরিদর্শক (অথবা শূণ্য পদের বিপরীতে মনোনিত যেকোন পদবীধারী) ঃ**

১. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন তবে সপ্তাহ শুরুর দিকে না করে সপ্তাহ শেষের দিকে ২/৩ দিনের মধ্যে যেকোন ১ দিন সুপারভিশন করবেন ।

২. কোন ওয়ার্ডে স্বাস্থ্য কর্মীর পদ শূণ্য থাকলে বা অন্য পদবীধারী ব্যক্তিকে দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহন করতে হবে।

৩. সুপারভিশনের সময় দৈবচয়ন ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত এলাকা থেকে ৬টি প্রাথমিক ও ৪টি মাধ্যমিক হিসাবে কমপক্ষে ১০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।

৪. উপরের বর্ণনা অনুযায়ী পরিদর্শন শেষে "২য় পর্যায়ের তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং-৩) যথারীতি পূরণ করবেন।

৫. ২৫ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে সকল পরিদর্শক তাদের পরিদর্শন প্রতিবেদন উর্ধ্বতন পরিদর্শকের নিকট জমা দেবেন।

৬. পৌরসভার পরিসংখ্যানবিদ বা এই কাজে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পৌরসভার রিপোর্ট (ফরম নং- ১০) যথারীতি পূরণ করে ১-২৭ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা বরাবরে প্রেরণ করবেন।

৭. পৌরসভার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ২য় পর্যায়ের সুপারভাইজার কর্তৃক পূরণকৃত তদারকি ফরম সমূহ (ফরম নং -৩) সংগ্রহ করে পৌরসভার পূর্ণাঙ্গ প্রতিবেদনসহ (ফরম নং -১০) ভাউচারের সাথে ২৮ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে সংশ্লিষ্ট সিভিল সার্জন অফিসে প্রেরণ করবেন।

৮. *৬০০ টাকা বা তার বেশী পরিমানের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প লাগাতে হবে। রেভিনিউ স্ট্যাম্প ছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।*

**৩য় পর্যায়ের সুপারভাইজার - পৌর মেয়র/মেডিক্যাল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাঃ**

১. উল্লেখিত ৪জনের মধ্য থেকে ৪জনই অথবা তাঁদের মনোনিত প্রতিনিধিগণ সুপারভিশন করবেন।

২. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন কিন্তু সপ্তাহ শেষের দিকে ২/৩দিন পূর্বে যেকোন ১দিন দৈবচয়ন ভিত্তিতে ৩টি ওয়ার্ডের প্রতিটি থেকে ২ টি বিদ্যালয় হিসাবে মোট ১ দিনে ৬টি বিদ্যালয় ( প্রাথমিক ও মাধ্যমিকের সংমিশ্রনসহ) তদারকি সম্পন্ন করে উপরের বর্ণনা অনুযায়ী পরিদর্শন শেষে "৩য় পর্যায় তত্ত্বধান প্রতিবেদন" (ফরম নং-৪) পূরণ করবেন ।

৩. পারডিয়েম সীট যথারীতি পূরণপূর্বক তৎসঙ্গে ফরম নং -৪ সংযুক্ত করে ২৭ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে ভাউচারের সাথে সরাসরি প্রোগ্রাম অফিসে বা সংশ্লিষ্ট সিভিল সার্জন অফিসে প্রেরণ করতে হবে।

৪. ৬০০ টাকা বা তার বেশী পরিমানের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্পলাগাতে হবে। রেভিনিউ স্ট্যাম্পছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।

৫. খরচের ভাউচারের সাথে পূরণকৃত প্রতি স্তরের সুপারভিশন চেক লিস্ট বা তত্ত্বাবধান প্রতিবেদন অবশ্যই দাখিল করতে হবে যা সরাসরি প্রোগ্রাম অফিসে কুরিয়ার মারফত ০১ অক্টোবর ২০২৩-এর মধ্যে প্রেরণ করতে হবে ।

(ঘ) সিটি কর্পোরেশনঃ

১. এডভোকেসী সভার আয়োজন করা (০৩-১০ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন )ঃ

- সিটি কর্পোরেশন পর্যায়ে এডভোকেসী সভার আয়োজন করা। অংশগ্রহণকারীদের তালিকা প্রেরিত বাজেট বিবরণীতে উল্লেখ করা হয়েছে।
- এডভোকেসী সভায় ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ কর্ম-পরিকল্পণা প্রণয়ন বা দিক নির্দেশনামূলক আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা।

২. শিক্ষকদের মাসিক সভায় উপস্থিত হওয়াঃ

প্রত্যেক ইংরেজী মাসের ১১ তারিখে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য মিটিংয়ের আয়োজন করা হয়ে থাকে। সেই হিসাবে ১১ সেপ্টেম্বর ২০২৩ বা শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করে সুবিধাজনক সময়ে স্বাস্থ্য পরিদর্শক /সংশ্লিষ্ট সহকারী স্বাস্থ্য পরিদর্শক/স্বাস্থ্য সহকারী/অন্য কোন প্রতিনিধি শিক্ষকদের ক্লাস্টার বা উপজেলা সদরের মিটিংয়ে উপস্থিত থেকে ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত বিষয়ে অবহিত করবেন। মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের জন্য অনুরূপ কোন মিটিং নির্ধারিত না থাকলেও সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তার সাথে যোগাযোগ বা সমন্বয় করে শিক্ষকদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. সুপারভিশন বা তদারকিতে অংশগ্রহন (১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন)ঃ

১ম পর্যায়ের সুপারভাইজার (স্বাস্থ্য কর্মী)ঃ

১. সংযুক্ত বাজেট বিবরণীতে প্রতি ওয়ার্ড থেকে একজন স্বাস্থ্যকর্মীর জন্য অর্থের সংস্থান করা আছে।

২. কোন সিটি কর্পোরেশনে প্রতি জোনের জন্য যতজন স্বাস্থ্য কর্মীর সংকুলান প্রেরিত বাজেটে উল্লেখ রয়েছে, যে কোন কারনে এর অতিরিক্ত স্বাস্থ্য কর্মী কার্যক্রম বাস্তবায়নে সম্পৃক্ত করতে চাইলে তা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের নিজস্ব ব্যবস্থাপনায় করতে হবে এবং সেই অনুযায়ী বরাদ্দকৃত নির্ধারিত বাজেট সকলের মধ্যে বন্টনের ব্যবস্থা করে নিতে হবে।

৩. স্বাস্থ্য কর্মীদের জন্য সরবরাহকৃত ফরম যথারীতি পূরণ করতে হবে ।

৪. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন কিন্তু সপ্তাহ শেষ হবার ২/৩ দিন পূর্বে যেকোন ১দিনে সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মীকে তার ওয়ার্ডের/কর্ম এলাকার সকল প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করতে হবে।

৫. সংযুক্ত বাজেট বিবরণী অনুযায়ী কর্মীর সংখ্যা নির্ধারণ করে ১দিনে সংশ্লিষ্ট জোনের সকল ওয়ার্ড পরিদর্শন সম্পন্ন পূর্বক সেখানে ক্ষুদে ডাক্তার টীম গঠন, ওরিয়েন্টেশন ও তাদের মাধ্যমে অন্যান্য শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করণ পূর্বক "১ম পর্যায় তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং -২ ও ৯) অনুযায়ী রিপোর্ট প্রস্তুত করতে হবে।

৬. পরিদর্শনকালীন সময়ে কোন শিক্ষাপ্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার টীম গঠন,তাদের ওরিয়েন্টেশন ও স্বাস্থ্য পরীক্ষা না হয়ে থাকলে গাইড শিক্ষকের সহায়তায় উল্লেখিত কার্যাদি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

৭. ২৫ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে সকল স্বাস্থ্য কর্মী তাদের পরিদর্শন প্রতিবেদন (ফরম নং ২, ৯) স্যানিটারী ইন্সপেক্টর /ইপিআই সুপারভাইজার/ মনোনিত সুপারভাইজারের নিকট জমা দেবেন।

৮. ফরম নং- ৯ অনুযায়ী ভিএস/এসআই/ইপিআই সুপারভাইজার/ মনোনিত সুপারভাইজার রিপোর্ট (ফরম নং-১০) প্রস্তুত করে ২৭ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে উর্ধ্বতন সুপারভাইজারের নিকট জমা দেবেন ।

৯. ৬০০ টাকা বা তার বেশী পরিমানের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প লাগাতে হবে।রেভিনিউ স্ট্যাম্প ছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।

২য় পর্যায়ের সুপারভাইজার- এস আই/ ইপিআই সুপারভাইজার/অন্যান্যঃ

১. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন, তবে সপ্তাহ শুরুর দিকে না করে সপ্তাহ শেষ হবার পূর্বে ২/৩ দিনের মধ্যে যেকোন ১ দিন সুপারভিশন করবেন ।
২. কোন ওয়ার্ডে স্বাস্থ্য কর্মীর পদ শূণ্য থাকলে বা অন্য পদবীধারী ব্যক্তিকে দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহন করতে হবে।
৩. সুপারভিশনের সময় দৈবচয়ন ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত এলাকা থেকে ৬টি প্রাথমিক ও ৪টি মাধ্যমিক হিসাবে কমপক্ষে ১০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।
৪. উপরের বর্ণনা অনুযায়ী পরিদর্শন শেষে "২য় পর্যায়ের তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং-৩) যথারীতি পূরণ করবেন।
৫. ২৫ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে সকল পরিদর্শক তাদের পরিদর্শন প্রতিবেদন উর্ধ্বতন পরিদর্শকের নিকট জমা দেবেন।
৬. ৬০০ টাকা বা তার বেশী পরিমানের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প লাগাতে হবে। রেভিনিউ স্ট্যাম্প ছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।

৩য় পর্যায়ের সুপারভাইজার- হেল্‌থ অফিসার, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা)ঃ

১. কেবল সংযুক্ত বাজেট বিবরণীতে উল্লেখিত কর্মকর্তাগণ বা তাঁদের অনুপস্থিতিতে মনোনিত কর্মকর্তাগণ সুপারভিশনে অন্তর্ভূক্ত হবেন এবং প্রত্যেকে মোট ১ দিন করে সুপারভিশনের দায়িত্ব পালন করবেন।
২. উল্লেখিত হেলথ অফিসার/এমও, সিটি কর্পোরেশন পর্যায়ে দায়িত্বপালনরত প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ বা তাঁদের মনোনিত এবং সমপর্যায়ের কর্মকর্তাগণ তদারকি কাজে অংশগ্রহণ করবেন।
৩. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন কিন্তু সপ্তাহ শুরুর দিকে না করে সপ্তাহ শেষ হবার ২/৩ দিন পূর্বে যেকোন ১দিন দৈবচয়ন ভিত্তিতে ২টি জোন/ওয়ার্ডের প্রতিটি থেকে ২টি শিক্ষা প্রতিষ্ঠান (প্রাথমিক ও মাধ্যমিক) হিসাবে ১ দিনে জোন/ওয়ার্ডের ০৮টি শিক্ষাপ্রতিষ্ঠান তদারকি সম্পন্ন করে উপরের বর্ণনা অনুযায়ী "৩য় পর্যায় তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং-৪) পূরণ করবেন এবং খরচের ভাউচারের সাথে সংযুক্ত করে জমা দিবেন।

৪র্থ পর্যায়ের সুপারভাইজার -প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বা সংযুক্ত বাজেট বিবরণীতে উল্লেখিত কর্মকর্তাঃ

১. কেবল সংযুক্ত বাজেট বিবরণীতে উল্লেখিত কর্মকর্তাগণ সুপারভিশনে অন্তর্ভূক্ত হবেন এবং প্রত্যেকে মোট ১ দিন করে সুপারভিশনের দায়িত্ব পালন করবেন।
২. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন কিন্তু সপ্তাহ শুরুর প্রথমে না করে সপ্তাহ শেষ হবার ২/৩দিন পূর্বে মোট ১দিন পরিদর্শন করবেন।
৩. প্রত্যেককে একদিনে প্রতি জোন/ওয়ার্ড থেকে দৈবচয়ন ভিত্তিতে ৩টি করে শিক্ষা প্রতিষ্ঠান (২টি প্রাথমিক ও ১টি মাধ্যমিক) ২টি জোন/ওয়ার্ড থেকে কমপক্ষে ৬টি শিক্ষা প্রতিষ্ঠান তদারকি সম্পন্ন করবেন ।
৪. পরিদর্শনের শেষে "৪র্থ পর্যায় তত্ত্বাবধান প্রতিবেদন" (ফরম নং-৫) যথারীতি পূরণ করে খরচের ভাউচারের সাথে সংযুক্ত করে দিতে হবে।
১০. সিটি কর্পোরেশনের কম্পিউটার অপারেটরকে ২৮ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে প্রতি জোনের রিপোর্ট (ফরম নং- ৯) সংগ্রহ করে সিটি কর্পোরেশনের পূর্ণাঙ্গ প্রতিবেদন (ফরম নং -১০) তৈরী করতে হবে।
১১. ফরম নং- ১০ প্রস্তুত করে তার ১ কপি জেলা পর্যায়ে সিভিল সার্জন বরাবরে ও ১ কপি সরাসরি প্রোগ্রাম অফিসে ই-মেইল মারফত ৩০ সেপ্টেম্বর ২০২৩-এর মধ্যে প্রেরণ করবেন ।
১২. খরচের ভাউচারের সাথে পূরণকৃত প্রতি স্তরের সুপারভিশন চেক লিস্ট বা তত্ত্বাবধান প্রতিবেদন অবশ্যই দাখিল করতে হবে যা সরাসরি প্রোগ্রাম অফিসে কুরিয়ার মারফত ০১ অক্টোবর ২০২৩-এর মধ্যে প্রেরণ করতে হবে ।

*মূল ভাউচার ও তত্ত্বাবধান প্রতিবেদন ফরম পূরণ করে স্বাস্থ্য অধিদপ্তরের প্রোগ্রাম অফিসে প্রেরণের ঠিকানা : সহকারী পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার, ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম এবং জাতীয় কালাজ্বর নির্মূল কর্মসূচী, বাড়ী নং - ৪০৬ (৪র্থ তলা), রোড নং -২৯, ডিওএইচএস, মহাখালী, ঢাকা -১২০৬, ই-মেইল:dpmfilaria@gmail.com*

১৩. ৬০০ টাকা বা তার বেশী পরিমানের প্রত্যেক ভাউচারে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প লাগাতে হবে। রেভিনিউ স্ট্যাম্প ছাড়া কোন ভাউচার অনুমোদনযোগ্য নহে।

**(ঙ) জাতীয় পর্যায়ের সুপারভাইজার (স্বাস্থ্য অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা /মাউশি/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও টিসি সদস্য)ঃ**

১. ১৭- ২১ সেপ্টেম্বর ২০২৩ সময়কালীন জেলা পর্যায়ে তদারকি করবেন।

২. প্রত্যেকে এক বা একাধিক জেলার দায়িত্বে থাকবেন।

৩. প্রত্যেকে নির্ধারিত জেলায় দৈবচয়ন ভিত্তিতে ২টি উপজেলা এবং প্রত্যেক উপজেলার কমপক্ষে ২টি শিক্ষা প্রতিষ্ঠান (প্রাথমিক ও মাধ্যমিক) পরিদর্শন করবেন।

৪. প্রত্যেকে তাঁর জন্য নির্ধারিত প্রতিবেদন ফরম (ফরম নং-৬) পূরণসহ ভ্রমন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রোগ্রাম অফিসে পরবর্তী ৫ কর্মদিবসের মধ্যে দাখিল করবেন।

অধ্যাপক ডা. মোঃ নাজমুল ইসলাম
পরিচালক, রোগ নিয়ন্ত্রণ ও
লাইন ডাইরেক্টর, সিডিসি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।